

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫১৮

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নিকৃষ্ট লোকেদের ওপরেই কিয়ামত সংঘটিত হবে।

الفصل الاول (بَابُ لَا تَقُومُ السَّاعَةُ إِلَّا عَلَى شِرَارِ النَّاس)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى تَضْطَرِبَ أَلْيَاتُ نِسَاءِ دَوْسٍ حَوْلَ ذِي الْخَلَصَةِ» . وَذُو الْخَلَصَةِ: طَاغِيَةُ دَوْسٍ الَّتِي كَانُوا يَعْبُدُونَ فِي الْجَاهِلِيَّةِ. مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (7116) و مسلم (51 / 2906)، (7298) ـ مثفق عَلَيْهِ) (مُتَّفَقُ عَلَيْهِ)

বাংলা

৫৫১৮-[৩] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ততক্ষণ পর্যন্ত কিয়ামত সংঘটিত হবে না যতক্ষণ পর্যন্ত 'যুল খলাসাহ্' মূর্তির নিকট দাওস গোত্রের মহিলাদের নিতম্ব দোলায়িত না হবে। দাওস গোত্রের একটি মূর্তি ছিল, জাহিলী যুগে তারা এটার উপাসনা করত। (বুখারী ও মুসলিম)

ফটনোট

সহীহ: বুখারী ৭১১৬, মুসলিম ৫১-(২৯০৬), সহীহুল জামি ৭৪১০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৭২৪৬, মুসনাদে বাযযার ৭৭৭৩, মুসনাদে আহমাদ ৭৬৬৩, সহীহ ইবনু হিব্বান ৬৭৪৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (حَتَّى تَضْطُرِبَ أَلْيَاتُ نِسَاءِ دَوْسٍ) অর্থাৎ ততক্ষণ পর্যন্ত কিয়ামত সংঘটিত হবে না যতক্ষণ না দাওস গোত্রের মহিলারা তাদের নিতম্ব যুল খলাসাহ্ মূর্তির নিকট হেলিয়ে দুলিয়ে পূজা করবে। হাদীসে বর্ণিত



(تَصْطُرِبَ) অর্থ (تَتَصَرُّك) হেলে দুলে চলা, নিতম্বের মাংসের এক অংশ অপর অংশের সাথে ঘর্ষণ লাগা. (أَلَيَاتُ) নিতম্বের উপর ফুলে থাকা মাংস খণ্ড। কেউ কেউ বলেন, পিঠের নিম্নাংশ ও রানের উপরের অংশে জমে থাকা মাংস, যার উপর ভর করে বসা হয়।

وَالْيَاتُ نِسَاءِ دَوْسٍ) অর্থ দারা দাওস মহিলারা মুরতাদ হয়ে মূর্তির চতুর্দিকে ত্বওয়াফ করবে। (ذي الْخَلَصَةِ) দাওসের প্রধান মূর্তি যাকে জাহিলী যুগে মুশ্রিকরা পূজা করত।

অথবা(ذِي الْخَلَصَةِ) হলো ইয়ামান দেশের নির্মিত কা'বাহ্ ঘর, রাসূল (সা.) জারির ইবনু 'আবদুল্লাহকে প্রেরণ করে তা ধ্বংস করেন।

হাদীসের মমার্থ হচ্ছে: তারা মূর্তিপূজার মাধ্যমে জাহিলী যুগের দিকে ফিরে যাবে। যেভাবে দাওস গোত্রের মহিলারা যুল খলাসাহ্ মূর্তির চতুর্দিকে নিতম্ব হেলিয়ে দুলিয়ে নৃত্য প্রদর্শন করে পূজা করত। (মিরক্কাতুল মাফাতীহ; ফাতহুল বারী ১৩শ খণ্ড, হা. ৭১১৬; শারহুন নাবাবী ১৮শ খণ্ড, হা. ২৯০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন